

# চাকরি খোঁজা

# Finding a job


Espen Stranger-Johannessen
Sunniva Høiby-Øiset
Tahmina Akter

4
বাংলা bn / English en



আলিশার একটি চাকরি দরকার, কারণ তার পরিবারের খাবার ও কাপড়ের জন্য টাকার প্রয়োজন।

. . .

Alisha needs to find a job because her family needs money for food and clothes.



নিজ দেশে আলিশা কাজ করত না, তবে সে খুব ভাল রাঁধতে পারে এবং মানুষের সাথে কথা বলতেও পছন্দ করে।

. . .


Alisha did not work in her home country, but she is good at cooking and likes talking to people.



সে কি রেস্টুরেন্টে কাজ করতে পারে? আলিশা চাকরির পোস্টের জন্য ইন্টারনেটে খোঁজাখুঁজি করে।

. . .

Maybe she could work in a restaurant? Alisha searches on the Internet for job postings.



সে শেফ এর চাকরির জন্য একটি বিজ্ঞাপন খুঁজে পায়। শেফ হল সেই ব্যাক্তি, যিনি একটি রেস্টুরেন্টে রান্না করেন।

. . .

She finds an advert for a chef. That is someone who cooks in a restaurant.



সে চাকরির ইন্টারভিউ দিতে যায়। রেস্টুরেন্ট ম্যানেজার তাকে বলেন যে, তাদের শেফ হিসাবে প্রশিক্ষণ নিয়েছে এমন কাউকে দরকার।

. . .


She goes for the job interview. The restaurant manager tells her they need someone who has trained as a chef.



আলিশা হতাশ হয়ে পড়ে, তবে সে “খাদ্য ও আতিথেয়তা” নামে একটি কোর্স এ অংশগ্রহণ করে। সে আশা করে যে, এটি তাকে একটি রেস্টুরেন্টে চাকরি পেতে সাহায্য করবে।

. . .

Alisha is disappointed, but she takes a course called “Food and hospitality”. She hopes this will help her to get a job in a restaurant.



আলিশাকে তার প্রশিক্ষণ কোর্সের অংশ হিসেবে একটি রেস্টুরেন্টে কাজ করতে হয়। সে বেতন পায় না, তবে সে কাজের অভিজ্ঞতা অর্জন করে।

• • •

Alisha has to work in a restaurant as part of her training course. She does not get paid, but she gets work experience.



সে তার সিভিতে কোর্সের সম্পর্কে যাবতীয় তথ্য যুক্ত করেছে। সে যে সমস্ত কাজ করেছে এবং যে কোর্সগুলোতে অংশগ্রহণ করেছে, তার বিবরণই হল সিভি।

• • •

She adds the details of the course to her CV. A CV is a description of all the work she has done and all the courses she has taken.



পরের বার আলিশা যখন কোন রেস্টুরেন্টে চাকরির ইন্টারভিউ দিতে যায়, তখন তাকে চাকরির প্রস্তাব দেওয়া হয়। এটা কঠিন কাজ। তাকে প্রায়ই সন্ধ্যায় কাজ করতে হয়, যখন তার বাচ্চারা স্কুল থেকে বাড়িতে চলে আসে।

. . .

Next time Alisha goes for a job interview at a restaurant, she is offered the job. It is hard work. She often has to work in the evening, when her children are home from school.



সে গর্বিত যে সে একটি চাকরি পেয়েছে, যাতে সে নিজের টাকা দিয়ে তার পরিবারের জন্য খাবার ও কাপড় কিনতে পারে।

. . .

She is proud that she has got a job so that she can buy food and clothes for her family with her own money.

# LIDA Stories

lidastories.net

## চাকরি খোঁজা

## Finding a job


Espen Stranger-Johannessen
Sunniva Høiby-Øiset
Tahmina Akter (bn)